

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫

১. মুকাদ্দিমাহ (المقدمة)

পরিচ্ছেদঃ ২. সূনাহকে আঁকড়ে ধরা এবং এ সংশ্লিষ্ট বর্ণনা ও আদেশ-নিষেধ

بَابُ الْإِعْتِصَامِ بِالسُّنَّةِ وَمَا يَتَعَلَّقُ بِهَا نَقْلًا وَأَمْرًا وَزَجْرًا

আরবী

أخبرنا أحمد بن مكرم بن خالد البرتي حدثنا علي بن المديني حدثنا الوليد بن مسلم
حدثنا ثور بن يزيد حدثني خالد بن معدان حدثني عبد الرحمن بن عمرو السلمي
وحجر بن حجر الكلاعي قال:

أتينا العرياض بن سارية وهو ممن نزل فيه: {ولا على الذين إذا ما أتوك لتحملهم قلت
لا أجد ما أحملكم عليه} [التوبة: 92] فسألنا وقلنا: أتيناك زائرین ومقتبسين فقال
العرياض:

(صلى بنا رسول الله صلى الله عليه وسلم الصبح ذات يوم ثم أقبل علينا فوعظنا
موعظة بليغة ذرفت منها العيون ووجلت منها القلوب فقال قائل: يا رسول الله كأن
هذه موعظة مودع فماذا تعهد إلينا؟ قال:

أوصيكم بتقوى الله والسمع والطاعة وإن عبدا حبشيا مجدعا فإنه من يعش منكم
فسيرى اختلافا كثيرا فعليكم بسنتي وسنة الخلفاء الراشدين المهديين فتمسكوا بها
وعضوا عليها بالنواجذ وإياكم ومحدثات الأمور فإن كل محدثة بدعة وكل بدعة
ضلالة)

[تعليق الشيخ الألباني]

صحيح – (الصحيحة) (937 و 3007), (ظلال الجنة) (26 - 34).

বাংলা

ذِكْرُ وَصْفِ الْفِرْقَةِ النَّاجِيَةِ مِنْ بَيْنِ الْفِرَقِ الَّتِي تَفْتَرِقُ عَلَيْهَا أُمَّةُ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

মুহাম্মদ মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উম্মত যে সকল ফিরকাসমূহে বিভক্ত হবে, তাদের মোকাবেলায় ফিরকায়ে নাজিয়াহ (মুক্তিপ্রাপ্ত দল) এর বৈশিষ্ট্যের বর্ণনা:

৫. আব্দুর রাহমান ইবনু আমর আস-সুলামী ও হুজর ইবনু হুজর আলকালানী (রাঃ) বলেন, একদা আমরা ইরবাদ ইবনু সারিয়াহ (রাঃ)-এর নিকট আসলাম। যাদের সম্পর্কে এ আয়াত নাযিল হয়েছে তিনি তাদের অন্তর্ভুক্তঃ "তাদেরও কোনো অপরাধ নেই যারা তোমার নিকট বাহনের জন্য এলে তুমি বলেছিলেঃ আমি তোমাদের জন্য কোনো বাহনের ব্যবস্থা করতে পারছি না।" (সূরা আত-তাওবাঃ ৯২)।

আমরা সালাম দিয়ে বললাম, আমরা আপনাকে দেখতে এবং আপনার কাছ থেকে কিছু অর্জন করতে এসেছি। তখন ইরবাদ (রাঃ) বললেন, একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে সঙ্গে নিয়ে ফজরের সালাত আদায় করলেন, অতঃপর আমাদের দিকে ফিরে আমাদের উদ্দেশ্য জ্বালাময়ী ভাষণ দিলেন, তাতে চোখগুলো অশ্রুসিক্ত হলো এবং অন্তরগুলো বিগলিত হলো।

তখন এক ব্যক্তি বললেন, হে আল্লাহর রাসূল! এ যেন বিদায়ী ভাষণ! অতএব আপনি আমাদেরকে কি নির্দেশ দেন? তিনি বলেনঃ আমি তোমাদেরকে আল্লাহভীতির এবং শ্রবণ ও আনুগত্যের উপদেশ দিচ্ছি, যদিও সে (আমীর) একজন অঙ্গকর্তিত হাবশী গোলামও হয়। কারণ তোমাদের মধ্যে যারা জীবিত থাকবে তারা অচিরেই অনেক মতবিরোধ দেখবে। তখন তোমরা অবশ্যই আমার সুন্নাত এবং আমার হিদায়াতপ্রাপ্ত খুলাফায় রাশিদীনের সুন্নাত অনুসরণ করবে, তা আঁকড়ে ধরবে, এমনকি তা দাঁত দিয়ে কামড়ে ধরে থাকবে। সাবধান থাকবে (ধর্মে) প্রতিটি নব আবিষ্কৃত বিষয় সম্পর্কে! কারণ প্রতিটি নব আবিষ্কার হলো বিদ'আত এবং প্রতিটি বিদ'আত হলো ভ্রষ্টতা।[1]

English

AbdurRahman ibn Amr as-Sulami and Hujr ibn Hujr said: We came to Irbad ibn Sariyah who was among those about whom the following verse was revealed: "Nor (is there blame) on those who come to thee to be provided with mounts, and when thou saidst: "I can find no mounts for you." We greeted him and said: We have come to see you to give healing and obtain benefit from you.

Al-Irbad said: One day the Messenger of Allah ﷺ led us in prayer, then faced us and gave us a lengthy exhortation at which the eyes shed tears and the hearts were afraid. A man said: Messenger of Allah! It seems as if it were a farewell exhortation, so what injunction do you give us? He then said: I enjoin you to fear Allah, and to hear and obey even if it be an Abyssinian

slave, for those of you who live after me will see great disagreement. You must then follow my sunnah and that of the rightly-guided caliphs. Hold to it and stick fast to it. Avoid novelties, for every novelty is an innovation, and every innovation is an error. (Using translation from Abū Dā'ūd 4607)

ফুটনোট

[1] আলবানী: সহীহ (সহীহাহ ৯৩৭, ৩০০৭)

আরনাউত: এর সনদ সহীহ।

তাখরীজ: আহমাদ ৪/১২৬-২৭; আবু দাউদ ৪৬০৭; তিরমিযী, ২৬৭৬; ইবনু মাজাহ, ৪৪; দারেমী ১/৪৪; হাকিম ১/৯৫ (হাকিম ও যাহাবী : সহীহ)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ ইরবায় ইবনু সারিয়াহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86903>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন